রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৪ সনের ৩৭ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ১২, ২০২৪

সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৬৪৩—৬৫০ | ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধঃস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ২০৮৯—২১৫২ | ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২২১—২২৭ | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৯২৯—১৯৪৮ | (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৮ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ/১২ আগস্ট ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.১৮-৫৭**—Bangladesh Bank Order, 1972 (President's Order No.127 of 1972) এর Article-10(4) অনুযায়ী বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর পদে উপযুক্ত প্রার্থী বাছাইয়ের জন্য ১৬-০৩-২০১৬ খ্রিঃ তারিখের ৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.১৫-১৪৬ সংখ্যক প্রজ্ঞাপনে গঠিত সার্চ কমিটি (Search Committee)-টি পুনর্গঠন করে নিম্নরূপ সার্চ কমিটি গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ০১. | জনাব মোহাম্মদ মুসলিম চৌধুরী, সাবেক কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল (সিএজি) | **আহবায়ক** |
| ০২. | ড. মোস্তফা কামাল মুজেরি, সাবেক চীফ ইকোনমিস্ট, বাংলাদেশ ব্যাংক | **সদস্য** |
| ০৩. | জনাব নজরুল হুদা, পরিচালক, বাংলাদেশ ব্যাংক বোর্ড | **সদস্য** |
| ০৪. | জনাব বদরে মুনির ফেরদৌস, যুগ্মসচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | **সদস্য-সচিব** |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আফছানা বিলকিস**
উপসচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**কেন্দ্রীয় ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩১ শ্রাবণ, ১৪৩১ বঙ্গাব্দ/১৫ আগস্ট, ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.১৮-৬৩**—আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ১১ জুন, ২০১৯ তারিখের ৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.১৮-৩০৬ সংখ্যক প্রজ্ঞাপনটি এতদ্দ্বারা বাতিল করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আফছানা বিলকিস**
উপসচিব।

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ শ্রাবণ, ১৪৩১ বঙ্গাব্দ/১৪ আগস্ট, ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৩৮/২০২৪/কাস্টমস/৩৩১**—কাস্টমস আইন, ২০২৩ এবং ধারা ১২(২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড ডিপ্লোমেটিক বন্ডেড ওয়ারহাউস প্রতিষ্ঠান মেসার্স সাবের টেডার্স লিঃ (বন্ড লাইসেন্স নং-৪/কাস/এসবিডব্লিউ/১৯৮২, তারিখ:১৬-০২-১৯৮২ খ্রিঃ) এর অনুকূলে ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক আমদানি প্রাপ্যতা নিম্নরূপে নির্ধারণ করিল, যথা:

| ক্রঃ নং | প্রতিষ্ঠানের নাম | ২০২৪-২০২৫ অর্থবছরে নির্ধারিত আমদানি প্রাপ্যতার পরিমাণ |
|---|---|---|
| ১. | মেসার্স সাবের টেডার্স লিঃ | ২১,৬০,০০০ মার্কিন ডলার |

২। উল্লেখ্য যে, বর্ণিত প্রাপ্যতা হতে ২০২৩-২০২৪ অর্থ বছরের আলোচ্য প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়নপত্রের ভিত্তিতে আমদানিকৃত পণ্যের শুল্কায়িত মূল্য (১৩,১৬,১৩৪.৬৯ মার্কিন ডলার) বর্তমান অর্থ বছরের প্রাপ্যতা হতে সমন্বয় করতে হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**এইচ, এম আহসানুল কবীর**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩১ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ/১৫ আগস্ট ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.০৭৯.২৪.৩৩৭**—The State Acquisition and Tenancy Act, 1950(Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো:

| ক্রমঃ | মৌজার নাম | জে.এল. নম্বর | খতিয়ান সংখ্যা | শিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ১. | বগুলাহার | ৭১ | ১৬৪০ | ২ | বগুড়া সদর | বগুড়া |
| ২. | কৈচর | ১২৭ | ১৬৫৭ | ২ | বগুড়া সদর | বগুড়া |
| ৩. | বয়রাদিঘী | ১৩৭ | ৬০৬ | ১ | বগুড়া সদর | বগুড়া |

| ক্রমঃ | মৌজার নাম | জে.এল. নম্বর | খতিয়ান সংখ্যা | শিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ৪. | লক্ষ্মীখোলা | ১৬০ | ১০৯৫ | ১ | বগুড়া সদর | বগুড়া |
| ৫. | ডমনপুকুর | ২৩৮ | ২১১০ | ৪ | বগুড়া সদর | বগুড়া |
| ৬. | জামালপুর | ২৪২ | ১৩১৪ | ২ | বগুড়া সদর | বগুড়া |
| ৭. | বীরকুল্লা | ২৫৬ | ১৯৪১ | ২ | বগুড়া সদর | বগুড়া |
| ৮. | সাধুবাড়ী | ১০৪ | ৪৬৪ | ১ | শেরপুর | বগুড়া |
| ৯. | হাজিপুর | ১২২ | ৩২১ | ২ | শেরপুর | বগুড়া |
| ১০. | পল্লী উন্নয়ন একাডেমী | ১২৬ | ১২৮ | ২ | শেরপুর | বগুড়া |
| ১১. | আমিনপুর | ১৯০ | ৭৪৪ | ৩ | শেরপুর | বগুড়া |
| ১২. | বিরকেদার | ২ | ৪৪৩৪ | ৫ | কাহালু | বগুড়া |
| ১৩. | কাগইল | ৬ | ৩২৭০ | ৩ | গাবতলী | বগুড়া |
| ১৪. | নিজবলালী | ২ | ১৮২৩ | ৩ | সারিয়াকান্দি | বগুড়া |
| ১৫. | দেবডাঙ্গা | ৮০ | ২৫১৫ | ৫ | সারিয়াকান্দি | বগুড়া |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাবভীনা মনীর চিঠি**

উপসচিব।

**শিক্ষা মন্ত্রণালয়**

**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**

**বেসরকারি বিশ্ববিদ্যালয়-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ শ্রাবণ ১৪৩১/১৪ আগস্ট ২০২৪

নং **শিম/শা:১৭/৪বিমক/-১/২০১১-২২২**—বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান পদ হতে জনাব ড. কাজী শহীদুল্লাহ এর গত ১১ আগস্ট ২০২৪ খ্রিঃ তারিখে দাখিলকৃত পদত্যাগপত্র মাননীয় প্রধান উপদেষ্টা কর্তৃক গৃহীত হওয়ায় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান পদে তাঁর নিয়োগের অবশিষ্ট মেয়াদ এতদ্বারা বাতিল করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ ফরহাদ হোসেন**

উপসচিব।

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**
**প্রশাসন-৫ (প্রশাসন ও শৃঙ্খলা) শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪৩১ /০৬ জুন ২০২৪

নং **৪১.০০.০০০০.০০৫.২৭.০৭৭.২০-১১৮**—যেহেতু, জনাব মোঃ আব্দুন নুর, সমাজসেবা অফিসার, তেঁতুলিয়া, পঞ্চগড় (সাবেক উপজেলা সমাজসেবা অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ) এর বিরুদ্ধে সমাজসেবা অধিদপ্তরের ২৪-১২-২০১৯ তারিখের ৪১.০১.০০০০.০০৮.১৯.০০৫.১২.৪৪০নং স্মারকে উপজেলা সমাজসেবা অফিসার, তেঁতুলিয়া, পঞ্চগড় হিসেবে বদলিকৃত কর্মস্থলে যোগদান না করা; ৬০ দিনের বেশি কর্মস্থলে অনুপস্থিতি থাকা; জেলা ও দায়রা জজ এবং বিশেষ ট্রাইব্যুনাল, হবিগঞ্জে দণ্ডবিধি ১৬১/৩২৩/৩০৭ ধারা এবং ১৯৭৪ সনের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(১)(ঘ) ধারায় ৬/২০১৮ নম্বর মামলা রুজু এবং বিজ্ঞ অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত (কগ-১) হবিগঞ্জ এর ৭২/২০১৮ সি. আর মামলা হতে উদ্ভূত দায়রা ৭৮১/২০১৮নং মামলায় যুগ্ম দায়রা জজ ২য় আদালত জনাব মোঃ আব্দুন নুর-কে The Negotiable Instruments Act, 1881 এর ১৩৮ ধারায় দোষী সাব্যস্ত করে ০১(এক) বছরের সশ্রম কারাদণ্ড এবং ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অর্থ দণ্ড এবং অর্থ দণ্ড অনাদায়ে আরো ০৩ (তিন) মাস বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়।

যেহেতু, উল্লিখিত ৭২/২০১৮ সিআর মামলা হতে উদ্ভূত দায়রা ৭৮১/২০১৮নং মামলায় যুগ্ম দায়রা জজ ২য় আদালত কর্তৃক কারাদণ্ড ও অর্থদণ্ডের আদেশ ও বদলিকৃত কর্মস্থলে যোগদান না করা এবং ৬০ দিনের বেশি কর্মস্থলে অনুপস্থিতি থাকার পরিপ্রেক্ষিতে জনাব মোঃ আব্দুন নুর, সমাজসেবা অফিসার, তেঁতুলিয়া, পঞ্চগড় (সাবেক উপজেলা সমাজসেবা অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ)-কে সাময়িক বরখাস্তকরতঃ তাঁর বিরুদ্ধে ০১/২০২০ নম্বর বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, তাঁর ব্যক্তিগত শুনানিকালে প্রদানকৃত বক্তব্য ও লিখিত জবাব সন্তোষজনক না হওয়ায় অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য জনাব মোঃ শাখীর আহম্মেদ চৌধুরী, উপসচিব-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, জনাব মোঃ আব্দুন নুর, উপজেলা সমাজসেবা অফিসার, তেঁতুলিয়া, পঞ্চগড় (পিতা-সুরুজ আলী(মরহুম), গ্রাম-তেঘরিয়া খোয়াই নদীর পশ্চিম পাড়, পোস্ট-প্রধান ডাকঘর, থানা ও জেলা-হবিগঞ্জ) কে উপজেলা সমাজসেবা অফিসার, তেঁতুলিয়া, পঞ্চগড় হিসেবে বদলির আদেশ দেয়া হয় (সমাজসেবা অধিদপ্তরের স্মারক নম্বর ৪১.০১.০০০০.০০৮.১৯.০০৫.১২.৪৪০, তারিখ: ২৪ ডিসেম্বর ২০১৯)। বদলিকৃত কর্মস্থলে যোগদানের নিমিত্ত ০৬ জানুয়ারি ২০২০ তাকে অবমুক্ত করা হলেও তিন ২৭ ফেব্রুয়ারি ২০২০ পর্যন্ত কর্মস্থলে যোগদান করেননি (উপপরিচালক জেলা সমাজসেবা কার্যালয়, পঞ্চগড়ের স্মারক নম্বর ৪১.০১.৭৭০০.০০০.১৯.০০১.৯৩, তারিখঃ ২৭ ফেব্রুয়ারি ২০২০)। পরবর্তীতে ০১ মার্চ ২০২০ যোগদানপত্র দাখিলকরতঃ অননুমোদিতভাবে কর্মস্থল ত্যাগ করেন। অনুমতি ব্যতীত কর্মস্থলে তাঁর অনুপস্থিতিকাল ৬০ দিনের বেশি হয়েছে (০১ মার্চ ২০২০—১৪ অক্টোবর ২০২০)। তিনি অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর জবাব প্রদানকরতঃ অনুপস্থিত কালীন সময়ে ব্রেন স্ট্রোকে আক্রান্ত হয়ে অসুস্থ থাকার বিষয়ে ডাক্তারি সার্টিফিকেট দাখিল করেন। যে মামলায় তাকে দণ্ড দেয়া হয়েছে (মামলা নম্বর ৭২/২০১৮) পরবর্তীতে মহামান্য হাইকোর্ট থেকে তাকে খালাস প্রদান করা হয়েছে। জনাব মোঃ আব্দুন নুর, উপজেলা সমাজসেবা অফিসার, তেঁতুলিয়া, পঞ্চগড় এর বিষয়ে জানা যায় সি আর৭২/২০১৮ নম্বর মামলা থেকে উদ্ভূত ক্রিমিনাল আপিল ৯৮১/২০২০ নম্বর মামলায় হাইকোর্ট বিভাগ কর্তৃক অব্যাহতির পর ক্রিমিনাল আপিল ৯৮১/২০২০ নম্বর মামলার রায়ের বিরুদ্ধে লিভ টু আপিল মামলা দায়ের করা হয়নি। মুক্তিযোদ্ধা আকছির আলীর ভূয়া সন্তান সেজে আলমগীর হোসেন পুলিশে চাকরি নেয়ার বিষয়ে দেয়া প্রতিবেদনটি বিপক্ষে যাওয়ায় জনাব মোঃ আব্দুন নুর, উপজেলা সমাজসেবা অফিসার, তেঁতুলিয়া, পঞ্চগড় এর বিরুদ্ধে হবিগঞ্জ জেলা ও দায়রা জজ আদালতে-০৬/২০১৮ নম্বর মামলা দায়ের করা হয়। উক্ত মামলা হতে তাকে অব্যাহতি প্রদান করা হয়েছে। এছাড়া জনাব মুহাম্মদ শাখীর আহম্মদ চৌধুরী, উপসচিব, সামাজিক নিরাপত্তা শাখা, সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত প্রতিবেদনে জনাব মোঃ আব্দুন নুর, , উপজেলা সমাজসেবা অফিসার, তেঁতুলিয়া, পঞ্চগড় এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩ (খ) (গ) ও (ঘ) অনুযায়ী "অসদাচরণ, পলায়ন ও দুর্নীতিপরায়ণ" সম্পর্কিত অপরাধ প্রমাণিত হয়নি। উল্লেখ্য যে, জনাব মোঃ আব্দুন নুর ০৯ ফেব্রুয়ারি ২০২১ তারিখে পিআরএল গমন করেন এবং ০৯ ফেব্রুয়ারি ২০২২ তারিখে পূর্ণ অবসর হয়েছে।

সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ আব্দুন নুর, উপজেলা সমাজসেবা অফিসার, তেঁতুলিয়া, পঞ্চগড় এর বিরুদ্ধে আনীত অভিযোগ, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, অভিযুক্ত কর্তৃক দাখিলকৃত কাগজপত্র ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য, তদন্ত কর্তকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনান্তে দেখা যায় যে, জনাব মোঃ আব্দুন নুর ০৫ মার্চ ২০২০ তারিখ হতে সাময়িক বরখাস্ত থাকার ফলে তার নিজ ও পরিবারের আর্থিক সংকট ও মানবেতর জীবন-যাপনসহ সার্বিক বিষয়াদি বিবেচনা ও পুঙ্খানুপুঙ্খ বিশ্লেষণপূর্বক তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা সমীচীন মর্মে প্রতীয়মান হয় বিধায় জনাব মোঃ আব্দুন নুর, উপজেলা সমাজসেবা অফিসার, তেঁতুলিয়া, পঞ্চগড় এর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হল এবং ১/২০২০ বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। তাঁর সাময়িক বরখাস্তকাল কর্মকাল হিসেবে গণ্য হবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩১/২৮ জুলাই ২০২৪

নং **৪১.০০.০০০০.০২০.২৭.০০৫.২১-১৫৯**—যেহেতু, জনাব মোঃ হেলাল উদ্দিন ভূঞা, অতিরিক্ত পরিচালক, সমাজসেবা অধিদফতর এবং প্রকল্প পরিচালক, 'ঢাকা শিশু হাসপাতালে অ্যাডভান্সড শিশু সার্জারি অ্যান্ড স্টেম সেল থেরাপি ইউনিট স্থাপন' শীর্ষক প্রকল্প এর বিরুদ্ধে প্রকল্পের স্টেম সেল থেরাপি ইউনিটের যন্ত্রপাতি ক্রয় ও কর্মকর্তাদের প্রশিক্ষণ ব্যয়ে অনিয়মের অভিযোগে ১২ সেপ্টেম্বর ২০২০ "দৈনিক কালের কণ্ঠ" পত্রিকায় "২৫ কোটির ইউনিট হাওয়া" শিরোনামে সংবাদ প্রকাশিত হয়; চার সেট চিকিৎসা যন্ত্রপাতির মধ্যে তিন সেট ক্রয় করা হয়েছে (চারটির মধ্যে একটি যন্ত্র বেশি দামে কেনা) এবং অন্য সেটটি শিশু হাসপাতালের অর্থায়নে ক্রয়ের কথা থাকলেও তা এখনও ক্রয় করা হয়নি; ঢাকা শিশু হাসপাতাল অর্থ বরাদ্দ না দেয়ায় এবং কোভিড ১৯ এর পরিস্থিতির জন্য ৮০ জন চিকিৎসককে বিদেশ প্রশিক্ষণ না করানো (৮০ জনের মধ্যে তিনজন চিকিৎসক বিদেশে প্রশিক্ষণ গ্রহণ করেন); ০২ এপ্রিল ২০১৯ দরপত্র মূল্যায়ন কমিটির সভার সুপারিশ HOPE কর্তৃক অনুমোদনের পর একই তারিখে অস্বাভাবিক দ্রুততার সাথে সরবরাহকারী প্রতিষ্ঠান বাংলাদেশ সাইন্স হাউজ-কে কার্যাদেশ দেয়া হয়, লট-১, লট-২ এর বিষয়ে ০৯ জুন ২০১৯ তারিখ এবং লট-৩ এর বিষয়ে ১৫ মে ২০১৯ তারিখ ব্যয় মঞ্জুরীর পরিপ্রেক্ষিতে সরবরাহকারী প্রতিষ্ঠান "বাংলাদেশ সাইন্স হাউজ" কর্তৃক বিল দাখিল করা হয়; দাখিলকৃত বিল প্রধান হিসাবরক্ষণ অফিসে অস্বাভাবিক দ্রুততার সাথে প্রেরণ করা; কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত চিকিৎসা যন্ত্রপাতি ঢাকা শিশু হাসপাতাল কর্তৃপক্ষ Installing, Commissioning and Functioning করার পূর্বেই HOPE এর অনুমোদন ব্যতীত বিল পরিশোধ করা; চিকিৎসা যন্ত্রপাতি ঢাকা শিশু হাসপাতালে সরবরাহকরতঃ এক বছর পাঁচ মাস তিন দিন পর Installing, Commissioning and Functioning করার অভিযোগ আনয়ন করা হয় ও তাঁর বিরুদ্ধে ১৩/২০২১ নম্বর বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

যেহেতু, চিকিৎসা যন্ত্র ৩ সেট ক্রয় করা হয়, ৪র্থ সেট কেনা হয়নি কারণ ঐ যন্ত্রটি অনুদান হিসেবে পাওয়া যায়। তৎপ্রেক্ষিতে DPP সংশোধন করে Modern OT Complex and Standard Equipment ক্রয় করা হয়েছে এবং উহা অপেক্ষা কমমূল্যে ক্রয় করা হয়েছে। দ্বিতীয়তঃ সাপ্লাইয়ার কর্তৃক ৩ জন চিকিৎসককে যন্ত্রপাতি ও সরঞ্জামাদি পরিচালনার জন্য বিদেশে (ভারত) প্রশিক্ষণ দেওয়া হয়। বাকী ৬২ জনকে কোভিড প্রাদুর্ভাব ও অর্থ মন্ত্রণালয়ের ব্যয় সংকোচন নীতির কারণে প্রশিক্ষণ দেওয়া যায়নি এবং প্রশিক্ষণের অর্থ ফেরত প্রদান করা হয়। তৃতীয়তঃ সময়কে মূল্যায়ন করতে গিয়ে PPR (পিপিআর) অনুযায়ী কার্যাদেশ ও বিল হিসাবরক্ষণ অফিসে দ্রুততর সময়ে প্রেরণ করা হয়। টেন্ডার ডকুমেন্টের সেকশন-৬ এ অনুরূপ বলা আছে। তাছাড়া যেহেতু জুন মাসের ১২ তারিখের মধ্যে বিল দাখিলের বাধ্যবাধকতা ছিল তাই বিল উক্ত সময়ের মধ্যে Account এ পাঠানো হয়েছে। মালামাল গ্রহণের জন্য তিন সদস্য বিশিষ্ট কমিটি ২৬-০৫-২০১৯ খ্রিঃ তারিখ HOPE'র অনুমোদনক্রমে গঠন করা হয় এবং উক্ত কমিটির মাধ্যমে হাসপাতাল কর্তৃপক্ষ মালামাল গ্রহণ করে; এবং

যেহেতু, অধ্যাপক ডাঃ মোঃ জাহাঙ্গীর আলম, পরিচালক, বাংলাদেশ শিশু হাসপাতাল এর বক্তব্য পর্যালোচনা করে দেখা যায় যে, করোনাকালে করোনা ট্রিটমেন্টের জন্য Hyperbaric Chamber (With Stem Cell Therapy) মেশিনটি পাওয়ায় Stem Cell Therapy মেশিনটি প্রয়োজন ছিল না। সে কারণে Stem Cell Therapy মেশিনের পরিবর্তে Modern OT Complex and Standard Equipments এর প্রয়োজন ছিল। ফলে DPP সংশোধন করে OT বানানো হয়েছিল। এক্ষেত্রে কোনো অনিয়ম সংঘঠিত হয়নি; এবং

যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর পরিপ্রেক্ষিতে তাঁর জবাব দাখিলকরতঃ ব্যক্তিগত শুনানির আবেদন করেন। ০৩ নভেম্বর ২০২১ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণের পর অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় (স্মারক নম্বর ৪১.০০.০০০০.০২০.২৭. ০০৫.২১-৪৩, তারিখ: ১৬ ফেব্রুয়ারি ২০২২) তদন্তকারী কর্মকর্তা কর্তৃক সুস্পষ্ট মতামত প্রদান না করায় পুনঃতদন্ত করে প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হয়। তদন্তকারী কর্মকর্তা অভিযোগের বিষয়ে বিধিমত পুনঃতদন্তকরতঃ প্রতিবেদন দাখিল করেন (স্মারক নম্বর ৪১.০০.০০০০.০২৯.১৪.০১৯. ১৭(অংশ-২)-৪৮০, তারিখ: ২৭ ডিসেম্বর ২০২২)। দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ হেলাল উদ্দিন ভূঞা, অতিরিক্ত পরিচালক, সমাজসেবা অধিদপ্তর ও প্রকল্প পরিচালক এর বিরুদ্ধে আনীত "অসদাচরণ" ও "দুর্নীতিপরায়ণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ হেলাল উদ্দিন ভূঞা, অতিরিক্ত পরিচালক, সমাজসেবা অধিদফতর এবং প্রকল্প পরিচালক, 'ঢাকা শিশু হাসপাতাল এ্যাডভান্সড শিশু সার্জারি অ্যান্ড স্টেম সেল থেরাপি ইউনিট স্থাপন' প্রকল্প পরিচালক এর বিরুদ্ধে দায়েরকৃত ১৩/২০২১ নম্বর বিভাগীয় মামলায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, অভিযুক্ত কর্তৃক দাখিলকৃত কাগজপত্র ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত সকল পক্ষের বক্তব্য পর্যালোচনান্তে জনাব মোঃ হেলাল উদ্দিন ভূঞা এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও (ঘ) অনুযায়ী অসদাচরণ ও দুর্নীতি সম্পর্কিত অভিযোগের সত্যতা সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি।

সেহেতু, জনাব মোঃ হেলাল উদ্দিন ভূঞা, অতিরিক্ত পরিচালক,সমাজসেবা অধিদফতর এবং প্রকল্প পরিচালক, 'ঢাকা শিশু হাসপাতালে অ্যাডভান্সড শিশু সার্জারি অ্যান্ড স্টেম সেল থেরাপি ইউনিট স্থাপন' শীর্ষক প্রকল্প এর বিরুদ্ধে দায়েরকৃত ১৩/২০২১ নম্বর বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ বিধি ৩(খ) ও (ঘ) অনুযায়ী "অসদাচরণ" ও "দুর্নীতিপরায়ণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় একই বিধিমালার ৭(২)(ক) বিধি মোতাবেক অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ খায়রুল আলম সেখ**
সচিব।

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**বিএসইসি ও বিআইসিএম শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৩ ভাদ্র ১৪৩১/২৮ আগস্ট ২০২৪

নং **৫৩.০০.০০০০.৪২১.১১.০০১.২৪-৮৯**—জনাব মোঃ আলী আকবর, সাবেক সিনিয়র জেলা ও দায়রা জজ-কে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ধারা-৫(২) মোতাবেক নিয়োগের তারিখ হতে পরবর্তী ০৪ (চার) বছর মেয়াদের জন্য বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর কমিশনার পদে নিয়োগ প্রদান করা হলো। তাঁর বেতন-ভাতাদি ও অন্যান্য সুবিধাদি সরকারের সাথে সম্পাদিত চুক্তি দ্বারা নির্ধারিত হবে।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফরিদা ইয়াসমিন**
উপসচিব।

**পরিকল্পনা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৩ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ/২৮ আগস্ট ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৫৩.০০.০০০০.৪৩১.১৪.০২৮.২৪.৩৮৯**—পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর সংঘবিধির অনুচ্ছেদ ৬(ই) এবং অনুচ্ছেদ ৫২ তে প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ সরকারের সাবেক অর্থ সচিব, জনাব জাকির আহমেদ খান-কে পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য পিকেএসএফ-এর চেয়ারম্যান পদে নিয়োগ প্রদান করা হলো।

২। এতদ্বারা এ বিভাগের গত ১৩ আগস্ট ২০২৪ তারিখে জারীকৃত ৫৩.০০.০০০০.৪৩১.১৪.০২৮.২৪-৩৫৪ নং প্রজ্ঞাপনটি বাতিল করা হলো।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ আমিন শরীফ**
সিনিয়র সহকারী সচিব।

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পাস-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩১ শ্রাবণ ১৪৩১/১৫ আগস্ট ২০২৪

নং **৪৬.০০.০০০০.০৮৫.০১১.০৮৫.২০২০-৩৭০**—এতদ্বারা সরকার ঢাকা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক পদে প্রকৌশলী তাকসিম এ খান-এর ১৪-১০-২০২৩ তারিখে স্বাক্ষরিত ০৩ (তিন) বছর মেয়াদে চুক্তিভিত্তিক নিয়োগের অবশিষ্ট মেয়াদ বাতিল করছে।

২। এ আদেশ ১৫-০৮-২০২৪ তারিখ পূর্বাহ্ন হতে কার্যকর হবে।

৩। ঢাকা ওয়াসা বোর্ড সম্ভাব্য দ্রুততম সময়ে পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ৬ নং আইন) এর বিধান অনুযায়ী ব্যবস্থাপনা পরিচালক নিয়োগের কার্যক্রম গ্রহণ করবে।

৪। নতুন ব্যবস্থাপনা পরিচালক নিয়োগ না হওয়া পর্যন্ত ঢাকা ওয়াসায় কর্মরত জ্যেষ্ঠতম উপ-ব্যবস্থাপনা পরিচালক ব্যবস্থাপনা পরিচালকের সকল দায়িত্ব পালন করবেন।

৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**আবু হেনা মোরশেদ জামান**
সচিব।

**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩১ শ্রাবণ ১৪৩১/১৫ আগস্ট ২০২৪

নং **৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০২৭.২২-৯৯০**—চট্টগ্রাম জেলার হাটহাজারী পৌরসভার কার্যাবলি সম্পাদনের উদ্দেশ্যে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৪২(১) অনুযায়ী নিম্নবর্ণিত কর্মকর্তাকে হাটহাজারী পৌরসভার প্রশাসক হিসেবে নিয়োগ করা হলো:

| জেলার নাম | পৌরসভার নাম ও শ্রেণি | নিয়োগকৃত প্রশাসক-এর নাম ও ঠিকানা |
|---|---|---|
| চট্টগ্রাম | হাটহাজারী<br>'ক' শ্রেণি | জনাব এ.বি.এম মশিউজ্জামান, উপজেলা নির্বাহী কর্মকর্তা<br>উপজেলা-হাটহাজারী, জেলা- চট্টগ্রাম |

২। স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ ও সংশ্লিষ্ট বিধি-বিধান অনুযায়ী নিয়োগকৃত প্রশাসক উক্ত পৌরসভার সার্বিক দায়িত্ব পালন ও কর্মকাণ্ড পরিচালনা করবেন। তিনি নিজ পদ হতে বদলি হলে যথাশীঘ্র স্থানীয় সরকার বিভাগকে অবহিত করবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো. মাহবুব আলম**
উপসচিব।

**জেলা পরিষদ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ/১৮ আগস্ট ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৪৬.০৪২.০৩৩.০৩.০০.১৪৭.২০১১-১৩৬৪**—নাটোর জেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ সাজেদুর রহমান খাঁন আজ ১৮ আগস্ট ২০২৪ তারিখে মৃত্যুবরণ করায় "জেলা পরিষদ আইন, ২০০০" এর ১১(২) ধারা অনুসারে উল্লিখিত তারিখ হতে নাটোর জেলা পরিষদের চেয়ারম্যান পদটি সরকার শূন্য ঘোষণা করলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ শফিউল আলম**
উপসচিব।

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন অনুবিভাগ-১**
**প্রশাসন অধিশাখা-১৭**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১০ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ/২৫ আগস্ট ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **২৫.০০.০০০০.০৫৩.২৮.০০২.২০১৬.২০১**—গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ১৪ জুলাই ২০২৪ তারিখের ২৫.০০.০০০০.০৫৩.২৮.০০২.২০১৬.১৬৮ সংখ্যক প্রজ্ঞাপনের মাধ্যমে নিম্নবর্ণিত ০৩ (তিন) জন বিশিষ্ট ব্যক্তিকে ১৪ জুলাই ২০২৪ থেকে ১৩ জুলাই ২০২৭ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের সদস্য হিসেবে নিয়োগ প্রদান করা হয়:

| ক্রমঃ | নাম, পদবি ও ঠিকানা |
|---|---|
| ১ | জনাব কানিজ ফাতেমা আহমেদ, স্বামী: মোস্তাক আহমদ চৌধুরী,<br>স্থায়ী ঠিকানা: খাঁন সাহেবের বাড়ী, খামার পাড়া, চৌফলদণ্ডী, উপজেলা: কক্সবাজার সদর, জেলা: কক্সবাজার । |
| ২ | জনাব সাদাত উল্লাহ খান, পিতা: মৃত কলিম উল্লাহ, মাতা: মোস্তফা বেগম,<br>স্থায়ী ঠিকানা: ৫৬ কলাবাগান, ১ম লেন (ফ্ল্যাট: A-4 ), ঢাকা ১২০৫। |
| ৩ | জনাব সুপ্ত ভূষণ বড়ুয়া, পিতা: মৃত বিধু ভূষণ বড়ুয়া, মাতা: সবিতা বড়ুয়া,<br>স্থায়ী ঠিকানা: গ্রাম-উত্তর মিঠাছড়ি, ডাকঘর: জোয়ারিয়ানালা, থানা: রামু, জেলা: কক্সবাজার। |

২। কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রাখার নিমিত্ত জনস্বার্থে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ১৪ জুলাই ২০২৪ তারিখের ২৫.০০.০০০০.০৫৩.২৮.০০২.২০১৬. ১৬৮ সংখ্যক প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিল করা হলো।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

নং **২৫.০০.০০০০.০৫৩.০০৩.০২.৯৭.২০৩**—গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ১০ জানুয়ারি ২০২২ তারিখের ২৫.০০.০০০০.০৫৩.০৩.০২.২০১৮.০৯ সংখ্যক প্রজ্ঞাপনের মাধ্যমে জনাব আমিনুর রহমান সুমন, শিল্পপতি, আলতাফ লেন, খুলনা-কে ১০ জানুয়ারি ২০২২ থেকে ০৯ জানুয়ারি ২০২৫ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের সদস্য হিসেবে নিয়োগ প্রদান করা হয়।

২। জনস্বার্থে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ১০ জানুয়ারি ২০২২ তারিখের ২৫.০০.০০০০.০৫৩.০৩.০২.২০১৮.০৯ সংখ্যক প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিল করা হলো।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ সোহেল হাসান**
যুগ্মসচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**সুরক্ষা সেবা বিভাগ**
**কারা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ০৬ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ/২১ আগস্ট ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৫৮.০০.০০০০.০৮৫.০৪.০৬০.১৯(অংশ-২)-২৯৫**—আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামতের আলোকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৪৯ অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে মহামান্য রাষ্ট্রপতি "জিয়া চ্যারিটেবল ট্রাস্ট" মামলায় [তেজগাঁও থানার মামলা নং-১৫(৮)২০১১ হতে উদ্ভূত বিশেষ জজ আদালত নং-৫, ঢাকা এর বিশেষ মামলা নং-১৮/২০১৭] সাজাপ্রাপ্ত এম.ডি. জিয়াউল ইসলাম (মুন্না) (ড. জিয়াউল ইসলাম মুন্না), পিতা- মরহুম মোঃ মজিবুল ইসলাম, পরিচালক, বিআইডব্লিউটিএ, ঢাকা (সাময়িকভাবে বরখাস্তকৃত)-এর বিষয়ে প্রদত্ত দণ্ডাদেশ মওকুফ করায় তাঁকে নির্দেশক্রমে মুক্তি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবু সাঈদ মোল্লা**
উপসচিব।